JAN. 3 1 2001

দৈনিক জনকণ্ঠ

# হোমিওপ্যাথিক কংগ্রেসের দাবিসমূহ শীঘ্রই বাস্তবায়নের আহ্বান

এশিয়ান হোমিওপ্যাথিক মেডিক্যাল লীগ অনুষ্ঠিত "১১তম আন্তর্জাতিক হোমিওপ্যাথিক কংগ্রেস-২০০০" কমিটির এক সভা ২৮ জানুয়ারি কংগ্রেস কার্যালয়ে কংগ্রেস চেয়ারম্যান ডাঃ এমএ কাদেরের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ১৬ জানুয়ারি ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত "১১তম আন্তর্জাতিক হোমওপ্যাথিক কংগ্রেস-২০০০"-এ প্রধান অতিথি হিসাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করায় ও হোমিওপ্যাথির দাবিসমূহ বাস্তবায়নের প্রতিশ্রুতি দেয়ায় কংগ্রেস কমিটির পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন জানানো হয় ও সেই সঙ্গে তাঁর সুস্থ ও দীর্ঘ জীবন কামনা করা হয়।

কংগ্রেসে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী হোমিওপ্যাথির দাবিসমূহ যথাশীঘ্র বাস্তবায়নের জন্য সুপারিশ করা হয়। দাবিসমূহ হচ্ছে— শীঘ্রই হোমিওপ্যাথিকে একটি পূর্ণাঙ্গ চিকিৎসা পদ্ধতি হিসাবে জাতীয় স্বাস্থ্য খাতে অন্তর্ভুক্ত করা, হোমিওপ্যাথিক গবেষণা কেন্দ্র ও মেডিক্যাল কাউন্সিল গঠন, হোমিওপ্যাথি বোর্ডে আন্তর্জাতিক পর্যায়ে চিকিৎসা শাস্ত্রে উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে এক কোটি টাকার অনুদান, পর্যায়ক্রমে প্রতিটি জেলায় ও উপজেলায় হাসপাতালে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগের পরিকল্পনা গ্রহণ, সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজে মূল পরিকল্পনার বাস্তবায়ন ও ছাত্রছাত্রীদের হোস্টেল প্রতিষ্ঠা করা, হোমিওপ্যাথির উন্নয়নের লক্ষ্যে অন্যান্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সঙ্গে হোমিওপ্যাথিক কলেজ শিক্ষক ও কর্মচারীদের ভাতা বৃদ্ধি এবং দেশী-বিদেশী বিনিয়োগকারীদের দেশে হোমিওপ্যাথিক মেডিক্যাল শিল্পকারখানা স্থাপনে বিশেষ সুযোগ সুবিধা দান। সভায় বক্তব্য রাখেন কংগ্রেস অর্গানাইজিং সেক্রেটারি ডাঃ দিলীপ রায়, কংগ্রেস কো-চেয়ারম্যান ডাঃ সাখাওয়াত হোসেন খোকন, ডাঃ শাহাবউদ্দিন আজাদ (ভিপি, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ, ছাত্র সংসদ), ডাঃ গোলাম মোস্তফা, ডাঃ আশীষ শঙ্কর নিয়োগী, ডাঃ সামছুল হক, মিঃ এম জাহাঙ্গীর (ভিপি, সরকারী হোমিও ডিগ্রী কলেজ) প্রমুখ নেতা। প্রেস বিজ্ঞপ্তি।